# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৯৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৮২]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদ বা অন্যস্থানে এক হাতের আঙ্গুল অপর হাতের আঙ্গুলের ফাঁকা দিয়ে প্রবেশ করিয়ে জালের মত করা

## باب تَشْبِيكِ الأَصَابِعِ فِي الْمَسْجِدِ وَغَيْرِهِ

আরবী

□□□ـ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: صَلَّى بِنَا رَسُولُ اللَّهِ إِحْدَى صَلاتَيِ الْعَشِيِّ، فَصَلَّى بِنَا رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ، فَقَامَ إِلَى خَشَبَةٍ مَعْرُوضَةٍ فِي الْمَسْجِدِ، فَاتَّكَأَ عَلَيْهَا كَأَنَّه غَضْبَانُ، وَوَضَعَ يَدَهُ الْيُمْنَى عَلَى الْيُسْرَى، وَشَبَّكَ بَيْنَ أَصَابِعِهِ، وَوَضَعَ خَدَّهُ الأيْمَنَ عَلَى ظَهْرِ كَفِّهِ الْيُسْرَى، وَخَرَجَتِ السَّرَعَانُ مِنْ أَبْوَابِ الْمَسْجِدِ، فَقَالُوا: قَصُرَتِ الصَّلاةُ؟ وَفِي الْقَوْمِ أَبُو بَكْرٍ وَعُمَرُ، فَهَابَا أَنْ يُكَلِّمَاهُ، وَفِي الْقَوْمِ رَجُلٌ فِي يَدَيْهِ طُولٌ، يُقَالُ لَهُ ذُو الْيَدَيْنِ، قَالَ: يَا رَسُولَ اللَّهِ، أَنَسِيتَ أَمْ قَصُرَتِ الصَّلاةُ؟ قَالَ لَمْ أَنْسَ وَلَمْ تُقْصَرْ. فَقَالَ أَكَمَا يَقُولُ ذُو الْيَدَيْنِ؟ فَقَالُوا: نَعَمْ. فَتَقَدَّمَ فَصَلَّى مَا تَرَكَ، ثُمَّ سَلَّمَ، ثُمَّ كَبَّرَ، وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَكَبَّرَ، ثُمَّ كَبَّرَ وَسَجَدَ مِثْلَ سُجُودِهِ أَوْ أَطْوَلَ، ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَكَبَّرَ ثُمَّ سَلَّمَ

বাংলা

২৯৭) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, একদা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে নিয়ে যোহর বা আসরের নামায দু'রাকআত পড়ে সালাম ফিরিয়ে দিলেন। তারপর মসজিদে রাখা একটি কাঠের (লাঠির) সাথে হেলান দিয়ে বসে গেলেন। তাঁকে দেখে মনে হচ্ছিল তিনি যেন রাগান্বিত হয়ে আছেন। তিনি ডান হাত বাম হাতের উপর রেখে এক হাতের আঙ্গুল অপর হাতের আঙ্গুলের ফাঁকা দিয়ে প্রবেশ করিয়ে জালের মত করলেন এবং তাঁর ডান গাল মোবারক বাম হাতের পৃষ্ঠের উপর রাখলেন। তাড়াহুড়াকারী লোকেরা মসজিদের দরজাসমূহ দিয়ে তাড়াতাড়ি মসজিদ থেকে বের হয়ে গেল। এ সময় তারা বলছিলঃ নামায কমিয়ে দেয়া হয়েছে। উপস্থিত লোকদের মধ্যে আবু বকর ও উমার (রাঃ)ও ছিলেন। তাঁরা এ সময় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে কথা বলতে ভয় করলেন। উপস্থিত সাহাবীদের মধ্যে একজন লম্বা হাত বিশিষ্ট লোক ছিলেন। তাঁকে যুল ইয়াদাইন বলা হত। তিনি বললেনঃ হে আল্লাহর রাসূল! আপনি ভুলে গেছেন? না নামায কমিয়ে দেয়া হয়েছে?

উত্তরে তিনি বললেনঃ আমি ভুল করিনি এবং নামায কমিয়েও দেয়া হয়নি। তদুপরি তিনি বললেনঃ যুল ইয়াদাইন যা বলছে ঘটনা কি তাই? উপস্থিত লোকেরা বললেনঃ তিনি ঠিকই বলছেন। তৎক্ষণাৎ তিনি সামনে অগ্রসর হয়ে বাকী নামায আদায় করে সালাম ফিরালেন। অতঃপর তাকবীর দিয়ে পূর্বের ন্যায় বা তার চেয়ে লম্বা সেজদা করলেন। তারপর তাকবীর দিয়ে সেজদা হতে মাথা উঠালেন। অতঃপর তাকবীর দিয়ে পূর্বের ন্যায় বা তার চেয়ে লম্বা সেজদা করলেন। পুনরায় তাকবীর দিয়ে সেজদা হতে মাথা উঠালেন। পরিশেষে তিনি সালাম ফিরালেন।

## English

To clasp one's hands by interlocking the fingers in the mosque or outside the mosque

Narrates Ibn Seereen:

Abu Huraira said, "Allah's Messenger (ﷺ) led us in one of the two `Isha' prayers (Abu Huraira named that prayer but I forgot it)." Abu Huraira added, "He prayed two rak`at and then finished the prayer with Taslim. He stood up near a piece of wood Lying across the mosque and leaned on it in such a way as if he was angry. Then he put his right hand over the left and clasped his hands by interlacing his fingers and then put his J right cheek on the back of his left hand. The people who were in haste left the mosque through its gates. They wondered whether the prayer was reduced. And amongst them were Abu Bakr and `Umar but they hesitated to ask the Prophet. A long-handed man called Dhul- Yadain asked the Prophet, 'O Allah's Messenger (ﷺ)! Have you forgotten or has the prayer been reduced?' The Prophet (ﷺ) replied, 'I have neither forgotten nor has the prayer been reduced' The Prophet (ﷺ) added, 'Is what Dhul Yadain has said true?' They (the people) said, 'Yes, it is true.' The Prophet (ﷺ) stood up again and led the prayer, completing the remaining prayer, forgotten by him, and performed Taslim, and then said, 'Allahu Akbar.' And then he did a prostration as he used to prostrate or longer than that. He then raised his head saying, 'Allahu Akbar; he then again said, 'Allahu Akbar', and prostrated as he used to prostrate or longer than that. Then he raised his head and said, 'Allahu Akbar.' " (The subnarrator added, "I think that they asked (Ibn Seereen) whether the Prophet (ﷺ) completed the prayer with Taslim. He replied, "I heard that `Imran bin Husain had said, 'Then he (the Prophet) did Taslim.")

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89595

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন